

এইচএসসির ফল প্রকাশ

## ক্যাডেট কলেজগুলোতে ৯৯.৬৬% জিপিএ ৫

অনলাইন ডেক্স



এইচএসসি পরীক্ষায় বাংলাদেশের ক্যাডেট কলেজসমূহ ঈর্ষণীয়

ফলাফল অর্জন করেছে। এবারের পরীক্ষায় ১২টি ক্যাডেট কলেজ

থেকে সর্বমোট ৫৮৯ জন পরীক্ষার্থীর মধ্যে ৫৮৭ জন জিপিএ ৫

পেয়েছেন, পাসের হার শতভাগ এবং জিপিএ ৫ প্রাপ্ত ৯৯.৬৬%।

বিগত ২০২৪ সালেও এইচএসসি পরীক্ষায় ১২টি ক্যাডেট

কলেজের জিপিএ ৫ প্রাপ্তির হার ছিল ৯৯.৬৬%।

বৃহস্পতিবার এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হয়,

বাংলাদেশের ক্যাডেট কলেজসমূহ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে

বাংলাদেশ সেনাবাহিনীর অ্যাডজুটেন্ট জেনারেল ও সভাপতি,

ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে

পরিচালিত আবাসিক শিক্ষাপ্রতিষ্ঠান।

শুধুমাত্র ভালো ফলাফল অর্জনই নয়, বরং চৌকস ও সুনাগরিক  
হিসেবে ক্যাডেটদের গড়ে তোলাই ক্যাডেট কলেজগুলোর লক্ষ্য।

এ জন্য ক্যাডেটদের দৈনন্দিন কার্যক্রমে লেখাপড়ার পাশাপাশি  
চরিত্র গঠন ও সহশিক্ষা কার্যক্রমকে সমান গুরুত্ব দেওয়া হয়।  
কলেজ থেকে শিক্ষালাভের পর ক্যাডেটরা যেন বর্তমান যুগের  
সঙ্গে তাল মিলিয়ে সম্মানজনক অবস্থানে পৌঁছাতে পারে সেই  
লক্ষ্যে কলেজসমূহে প্রতিনিয়ত নতুন নতুন শিক্ষা ও সহ-শিক্ষা  
কার্যক্রম সংযুক্ত হচ্ছে।

ক্যাডেট কলেজের ক্যাডেটদের ধারাবাহিক সাফল্যের পেছনে  
রয়েছে ক্যাডেট কলেজের অভ্যন্তরীণ সুশৃঙ্খল পরিবেশ,  
অধ্যবসায়, নিয়মিত পড়াশোনা এবং আন্তরিক প্রচেষ্টা।

ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদের সুষ্ঠু দিকনির্দেশনা, ক্যাডেট  
কলেজসমূহের অভিজ্ঞ ও যোগ্যতাসম্পন্ন অধ্যক্ষ, উপাধ্যক্ষ,  
অনুষদ সদস্যবৃন্দ, কর্মকর্তাবৃন্দ, কলেজে কর্মরত সব শ্রেণির  
ব্যক্তিবর্গের ঐকান্তিক প্রচেষ্টা এবং অভিভাবকদের সহযোগিতায়  
এই সাফল্যজনক ফলাফল অর্জন সম্ভব হয়েছে বলে জানানো হয়।

এর আগে বৃহস্পতিবার সকাল ১০টার দিকে দেশের ১১টি শিক্ষা  
বোর্ড একযোগে ফলাফল প্রকাশ করা হয়। পরীক্ষায় গড় পাসের  
হার ৫৮ দশমিক ৮৩ শতাংশ। এবার জিপিএ ৫ পেয়েছেন ৬৯  
হাজার ৯৭ জন।